

দশম শ্রেণি পর্যন্ত কার্যকর হবে নতুন কারিকুলাম

সাংবাদিকদের প্রশ্নের জবাবে বললেন শিক্ষামন্ত্রী



শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল (ফাইল ফটো)

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

প্রকাশ: ২৪ মে ২০২৪ | ২১:৪০



শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেছেন, নতুন কারিকুলাম দ্বাদশ শ্রেণি নয়, দশম শ্রেণি পর্যন্ত কার্যকর হবে। এই কারিকুলামে প্রথম যে পরীক্ষা হবে, তা দশম শ্রেণিতে হবে। ২০২৬ সাল থেকে কারিকুলামটি চালুর কথা রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) মিলনায়তনে শুক্রবার গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পুনর্মিলনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি।

পরীক্ষা কোন পদ্ধতিতে হবে- জানতে চাইলে মন্ত্রী বলেন, আমাদের প্রক্রিয়া চূড়ান্ত হলে জানাব। এখন একটা সমস্যা হচ্ছে, জল্পনা বেশি হলে শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষকরাও বিভ্রান্ত হবেন। সে কারণে এখন কোনো মন্তব্য করতে চাই না। তবে সামষ্টিক মূল্যায়নের যে বিষয়টি আছে, কার্যক্রমভিত্তিক যে মূল্যায়ন, সেগুলো একটি ভারসাম্য করা হয়েছে।

শনিবারের ক্লাসের বিষয়টি সুনির্দিষ্ট করা গেছে কিনা- এমন প্রশ্নের জবাবে মহিবুল হাসান বলেন, নির্দিষ্ট পড়া শেষ করতে বিশেষজ্ঞদের মতামত নিয়ে এখন পর্যন্ত শনিবার খোলা আছে। তবে সেটা আসলে সাময়িক প্রক্রিয়া। শনিবার খোলা রাখাটা প্রত্যাশিত নয়। যেহেতু কিছু দিন নষ্ট হয়েছে। আমরা আশা করছি যে সেটা থাকবে না।

গণযোগাযোগ ও সাংবাদিকতা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি শামসুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য দেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবুল মনসুর আহাম্মদ। স্বাগত বক্তব্য দেন অ্যাসোসিয়েশনের

সাধাৰণ সম্পাদক মীৰ মাসৱৰ জামান ৱনি।